দৈনিক খবর

তারিখ 28 NOV 1991
পৃষ্ঠা ৭ কলাম ৪

67

# 'সরকার শ্বেত সন্ত্রাস চালিয়ে শিক্ষা জীবনকে ধ্বংস করছে'

।।বিশ্ববিদ্যালয়রিপোর্টার।।

ঢাকা সিটি কলেজ ছাত্রলীগের (আ-অ) বার্ষিক সম্মেলনে গত মঙ্গলবার আওয়ামী লীগ নেতা আবদুর রাজ্জাক এমপি বলেন, 'অনেক রক্তের বিনিময়ে স্বৈরাচারকে আমরা উৎখাত করেছি। কিন্তু আজকের এই সরকার সারাদেশে শ্বেত সন্ত্রাস পরিচালনা করে শিক্ষা জীবনকে ধ্বংসকরছে।'

ছাত্রলীগের বার্ষিক সম্মেলনে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন, যুবলীগের চেয়ারম্যান মোস্তফা মোহসীন মন্টু, আলহাজ্ব মকবুল হোসেন, আশরাফুল ইসলাম মারুফ, মতিউর রহমান মতি, সাইদুল ইসলাম পল, এনায়েত কবির ও সাব্বির হোসেন। সভাপতিত্ব করেন শেখ রিয়াজুল ইসলাম রিয়াজ।

আওয়ামী লীগ নেতা আবদুর রাজ্জাক শিক্ষাজীবনকে ধ্বংসের হাত থেকে বাঁচানোর জন্য ছাত্র-সমাজকে সচেতন থাকার আহবান জানান। তিনি 'ইনডেমনিটি অধ্যাদেশ বাতিল' বিল পাস করানোর জন্যও সবার প্রতি আহবান জানান। অন্যথায় বৃহত্তর আন্দোলনের ডাক দেয়া হবে।